

ম্নাতকোত্তর অন্ত্য-সেমেষ্টার পরীক্ষা, ২০২৫

(দ্বিতীয় বর্ষ, প্রথম সেমেষ্টার)

সাম্মানিক বাংলা (EVENING)

কোর্স : পি জি - ৩.৩

বিষয় : বাংলা নাটক

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলি সমমানের।

১। নিমচাঁদের সংলাপে যে উদ্ধৃতিগুলি পাওয়া যাচ্ছে, ‘সধবার একাদশী’ নাটকে সেগুলির গুরুত্ব কতখানি? বিশ্লেষণ করে জানাও। ১০

(অথবা)

২। প্রহসন কাকে বলে? এর বৈশিষ্ট্যগুলি ‘সধবার একাদশী’ নাটকের মধ্যে কেমনভাবে খুঁজে পাওয়া যায় আলোচনা করো। ১০

(অথবা)

৩। ‘অলীকবাবু’ নাটকে উনিশ শতকের কলকাতার জীবন্ত ছবি ধরা পড়েছে — এই মন্তব্যটির বিষয়ে যুক্তিসহ অভিমত জানাও। ১০

(2)
(অথবা)

- ৪। ‘অলীকবাবু’ নাটকের মুখ্য চরিত্রটির পরিচয় দাও। এই চরিত্রটি সম্পর্কে তোমার নিজের মন্তব্যও যুক্ত করো। ১০
- ৫। ‘রক্তকরবী’ নাটকের মঞ্চনির্দেশ অনুযায়ী প্রায় সারাক্ষণই রাজার প্রাসাদের জালের আবরণের একটি কাঠামো মঞ্চের ওপর রাখতে হয়। এর কি কোনও তাৎপর্য গড়ে ওঠে নাটকে? না কি, এই নির্দেশ মঞ্চকে কিছুটা স্থানু করে দেয় বলে তোমার মনে হয়, আলোচনা করো। ১০

(অথবা)

- ৬। ‘রক্তকরবী’ নাটক থেকে রক্তকরবী ফুলাটিকে সরিয়ে নিলে নাটকের সংলাপ ও ঘটনাপ্রবাহের অল্পই বদল করতে হয় কিন্তু তাতে নাটকটি একেবারে ভেঙে পড়ে তা নয় এবং নাটকটির মূল সমস্যার কোনও বড় বদল ঘটে না। মন্তব্যটি বিচার করে এই বিষয়ে খোলা মনে তোমার ভাবনা জানাও। ১০
- ৭। ‘চাঁদবণিকের পালা’ নাটক মধ্যযুগের মনসামঙ্গলের কাহিনিকে আশ্রয় করলেও তা আদতে আধুনিক মঞ্চে মনসামঙ্গলের নাট্যরূপ নয়। এই মন্তব্যটি কি তুমি মানবে না কি পুরোপুরি বা অংশত প্রত্যাখ্যান করবে, নিজের মতামত লেখো। ১০

(3)
(অথবা)

- ৮। ‘চাঁদবণিকের পালা’ নাটকে ঘুরেফিরেই নানা শব্দে ও অনুষ্ঙ্গে ‘অন্ধকারের’ প্রসঙ্গ আসে। নাটকে এর ঠিক কী তাৎপর্য তৈরি হয়, আলোচনা করো। ১০
- ৯। ইতিহাসের আশ্রয়কে ছাপিয়ে নাট্যকারের রাজনৈতিক সচেতনতা কীভাবে সক্রিয় হয়ে ওঠে ‘টিনের তলোয়ার’ নাটকে, তা আলোচনা করো। ১০

(অথবা)

- ১০। উৎপল দত্ত সমষ্টির শক্তিতে বিশ্বাস করেন, অথচ তাঁর ‘টিনের তলোয়ার’ নাটকের কাপ্তেনবাবু কেন ‘দেবতার মতো, অভিশাপের মতো একা’ বলেন নিজে, আলোচনা করো। ১০

